**জনসংযোগ অফিস**
**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়**
**সাভার, ঢাকা, বাংলাদেশ**
**ফোন: ৭৭৯১০৪৫-৫১**

Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
## নবনিযুক্ত উপ-উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মো. নূরুল আলমের যোগদান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৪ আগস্ট ২০১৮।
মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৩ এর ১৩(১) ধারা অনুযায়ী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. নূরুল আলম-কে চার বছরের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য পদে নিয়োগ প্রদান করেছেন।
আজ সন্ধ্যে ছয়টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামের সভাপতিত্বে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে তিনি উপ-উপাচার্য পদে যোগদান করেন। যোগদান অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, বিভাগীয় সভাপতি, অফিস প্রধান, বিপুল সংখ্যক শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারি উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) রহিমা কানিজ। অনুষ্ঠান ধারা বর্ণনায় সহযোগিতা করেন সরকার ও রাজনীতি বিভাগের শিক্ষক আ স ম ফিরোজ-উল-হাসান।

নবনিযুক্ত উপ-উপাচার্যের জীবনী
অধ্যাপক ড. মো. নূরুল আলম ১৯৫৭ সালের ১ জানুয়ারি ঢাকা জেলার ধামরাই থানার অর্ন্তগত জলসা গ্রামে জন্ম গ্রহণ করেন। তিনি স্বনামধন্য প্রধান শিক্ষক দরবেশ আলী ও রিজিয়া বেগমের পুত্র। তিনি কশুরা আব্বাস আলী উচ্চ বিদ্যালয়, মানিকগঞ্জের দেবেন্দ্র কলেজ, এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করেন। নিবেদিত প্রাণ এই অধ্যাপক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের চতুর্থ ব্যাচের শিক্ষার্থী ছিলেন। ড. মো. নূরুল আলম ১৯৮২ সালের এপ্রিল মাসে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগে প্রভাষক পদে যোগদান করেন। তিনি ১৯৮৬ সালে সহকারি অধ্যাপক, ১৯৯২ সালে সহযোগী অধ্যাপক এবং ১৯৯৭ সালে অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেন। তিনি পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান, হল প্রভোস্ট, গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ডিন, অর্থকমিটি, সিনেট এবং সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন।
অধ্যাপক ড. মো. নূরুল আলম বর্তমানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি এবং বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক পরিষদের আহবায়কের দায়িত্ব পালন করছেন। তিনি বিভিন্ন সভা, সেমিনার এবং গবেষণা কর্মকান্ডে অংশগ্রহণের জন্য যুক্তরাজ্য, ইতালি, ভারতসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। একজন সমাজ-সচেতন, সজ্জন, জনপ্রিয় এবং দলমত নির্বিশেষে বিশ্ববিদ্যালয় পরিবারের সকলের কাছে গ্রহণযোগ্য ব্যক্তিত্ব হিসেবে তিনি সমাদৃত। ব্যক্তিগতভাবে তিনি এক পুত্র এবং এক কন্যা সন্তানের জনক। তাঁর পুত্র মাহবুবুল আলম শুভ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক এবং কন্যা ফারহানা শারমিন পদার্থবিজ্ঞান বিভাগের ছাত্রী। পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষক আর্ন্তজাতিক খ্যাতিসম্পন্ন পদার্থবিজ্ঞানী অধ্যাপক ড. এএ মামুন তাঁর সহোদর ছোট ভাই।

পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ অফিস